

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের  
কর্মসচিব বিভাগ : সংস্থাপন শাখা  
রাজবাড়ী, বর্ধমান

তারিখ: ০২.০১.২০১৯


নং: আর -ই/১ (১)/৭২২

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে আগামী ১২ই জানুয়ারি ২০১৯ (শনিবার) যুগপুরুষ স্বামী বিবেকানন্দের জন্মদিবস পালিত হবে।

এই উপলক্ষে ওইদিন সকাল ১০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের গোলাপবাগ প্রাঙ্গণে স্বামী বিবেকানন্দের মূর্তির পাদদেশে তাঁর জীবন ও আদর্শের প্রতি আলোকপাত ও তাঁর মহতী ভাবনায় নিজেদের উদ্বুদ্ধ করার উদ্যোগ নেওয়া হবে।

বিশ্ববিদ্যালয়ের সমস্ত ছাত্র, গবেষক, শিক্ষক, আধিকারিক ও কর্মীবন্ধুদের উপস্থিত থেকে অনুষ্ঠানটিকে সর্বাঙ্গসুন্দর করে তোলার জন্য আন্তরিক অনুরোধ জানাই।


  
(তাফাজল হোসেন)  
কর্মসচিব

তারিখ: ০২.০১.২০১৯

নং: আর -ই/১ (১) / ৭২২ / ১ (৯৫)

জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হল :-

- ১) বিশ্ববিদ্যালয়ের কলা ও বিজ্ঞান বিভাগের অধ্যক্ষ।
- ২) বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগীয় প্রধান ও আধিকারিক।
- ৩) ডিরেক্টর, বিবেকানন্দ অ্যাডভান্সড রিসার্চ সেন্টার, গোলাপবাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
- ৪) আপ্তসহায়ক, উপাচার্য/সহ উপাচার্য, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
- ৫) আহ্বায়ক, বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক শাখা।
- ৬) সাধারণ সম্পাদক, বর্ধমান বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ, বর্ধমান বিশ্ববিদ্যালয় ল স্টুডেন্টস ইউনিয়ন, সারা বাংলা তৃণমূল শিক্ষাবন্ধু সমিতি (বর্ধমান বিশ্ববিদ্যালয় শাখা), বর্ধমান ইউনিভারসিটি কর্মচারী সমিতি, বর্ধমান ইউনিভারসিটি কর্মচারী ইউনিয়ন।
- ৭) সিস্টেম ম্যানেজার, কম্পিউটার সেন্টার, গোলাপবাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয় - বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধ সহ।
- ৮) সম্পত্তি আধিকারিক, বর্ধমান বিশ্ববিদ্যালয় - অনুষ্ঠানটি আয়োজনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ।

  
কর্মসচিব